গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-৩ শাখা
www.ictd.gov.bd

**নম্বর:** ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৩২.০০০৮.২১.৩১

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ৮ নং আইন) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫ অনুযায়ী টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস), টংগী, গাজীপুর জেলার, গাজীপুর সদর উপজেলার, ৫৫ নং ইউনিয়নের, টঙ্গী এবং মাছিমপুর মৌজা এর নিম্নবর্ণিত তফসিলভুক্ত ভূ-সম্পত্তিকে পত্রে বর্ণিত শর্তসাপেক্ষে "হাই-টেক পার্ক" ঘোষণা করা হলো:

| পার্কের নাম | টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) | |
|---|---|---|
| পার্কের অবস্থান | জেলা | গাজীপুর |
| | উপজেলা | গাজীপুর সদর |
| | ইউনিয়ন | ৫৫ |
| | মৌজা | টঙ্গী ও মাছিমপুর |
| মোট জমির পরিমাণ= ১৮৮৮.৬ শতাংশ | | |

**<u>জমির তফসিল</u>**

ক) টঙ্গী মৌজাঃ

| দলিল নং | খতিয়ান নং সি.এস/এস.এ | সিএস/এস.এ দাগ নং | জমির পরিমাণ (শতাংশ) |
|---|---|---|---|
| ১৭৭১ | ৭ | ৫৭, ১৩৩, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৭, ১৪৯ | ৯৯৮.২৯৯৯৯ |
| | | মোট জমির পরিমাণঃ | ৯৯৮.২৯৯৯৯ |

খ) মাছিমপুর মৌজাঃ

| দলিল নং | খতিয়ান নং সি.এস/এস.এ | সিএস/এস.এ দাগ নং | জমির পরিমাণ (শতাংশ) |
|---|---|---|---|
| ১৭৭১ | ৩০/৩ | ২২৮, ২২৯, ২৩১, ২৩২, ২৩৩, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৩৯, ২৪০, ২৪১ | ৮৯০.২৯৯৯৯ |
| | | মোট জমির পরিমাণঃ | ৮৯০.২৯৯৯৯ |

**<u>শর্তসমূহ:</u>**

১) টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫, এ সংক্রান্ত প্রণীত গাইডলাইনসহ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত বিধি-বিধান বা নির্দেশনাবলী প্রতিপালন করতে বাধ্য থাকবে;

২) টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) উপর্যুক্ত তফসিলভুক্ত জমিতে সম্পূর্ণ বা কোন অংশ তৃতীয় পক্ষের নিকট

হস্তান্তর বা বিক্রয় বা বরাদ্দ বা স্থানান্তর করতে পারবে না;

৩) টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) সরকার কর্তৃক নিষিদ্ধ, বে-আইনী বা অবৈধ কার্যক্রমে জড়িত হতে পারবে না;

৪) টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) কর্তৃক আবেদনপত্রের সাথে দাখিলকৃত আইনগত দলিলাদি বা কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই অনুমতিপত্র/নবায়নপত্র প্রত্যাহার করতে পারবে;

৫) পার্কের প্রতিষ্ঠা, উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রসার সংক্রান্ত নিয়ম কানুন যথাযথ প্রতিপালন করতে হবে;

৬) অর্থনৈতিক ও আর্থিকভাবে টিকে থাকার সামর্থ্য এবং সামাজিক উপযোগিতা নিশ্চিত করতে হবে;

৭) রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে এবং দেশের স্বার্থবিরোধী কোন কাজে পার্ককে ব্যবহার করা যাবে না;

৮) পার্কের পরিবেশ সুরক্ষার জন্য পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রণীত আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে,

৯) শ্রমিকদের ন্যায্য মজুরিসহ অন্যান্য মৌলিক সুবিধা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১০) পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে অনুমতিপত্রধারী এখতিয়ার থাকবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ পার্ক অনুমতিপত্রধারীকে ঘোষিত পার্কের উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং প্রসারের পলিসি ও কৌশল নির্ধারণসহ বিভিন্ন কর্মপরিকল্পনা নির্ধারণে সার্বিক সহায়তা প্রদান করবে;

১১) পার্কে উন্নয়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, প্রসারসহ অর্থনৈতিক ও আর্থিক সফলতা ও ব্যর্থতা পার্ক অনুমতিপত্রধারীর উপর বর্তাবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কোন প্রকার দায়ভার গ্রহণ করবে না;

১২) পার্কে বিনিয়োগের পরিমাণ ও কর্মসংস্থান বৃদ্ধি করতে হবে এবং এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে, যা এতদ্‌সংক্রান্ত কমিটি কর্তৃক পর্যালোচনা করা হবে;

১৩) পার্কে উৎপাদিত পণ্যের মানের সঠিকতা বজায় রাখতে হবে এবং পণ্য উৎপাদনে নিত্য নতুন প্রযুক্তিগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

১৪) সকল আইনগত দলিলাদি নিয়মিত হালনাগাদ রাখতে হবে;

১৫) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লাইসেন্স ফি যথাসময়ে পরিশোধ করতে হবে;

১৬) কর্মীদের নির্ধারিত ড্রেসকোডসহ কারখানার উন্নত কর্মপরিবেশ বজায় রাখতে হবে;

১৭) ব্যাংক কর্তৃক ঋণখেলাপি ঘোষিত হলে এবং উপর্যুক্ত শর্তসমূহ লঙ্ঘন করলে অথবা এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে তদন্তসাপেক্ষে এই অনুমতিপত্র/নবায়নপত্র বাতিল করা হবে;

১৮) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ যে কোন সময় এই ঘোষণাপত্র বতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৬-০৪-২০২৫

মো. আবু নাছের
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
০২৪১০২৪২৪১
os3.sec@ictd.gov.bd

**নম্বর:** ৫৬.০০.০০০০.০০০.০৫৬.৩২.০০০৮.২১.৩১/১ (১৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৩। চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।
৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড।
৮। বিভাগীয় কমিশনার (সকল)।
৯। জেলা প্রশাসক (সকল)।
১০। উপপরিচালক, উপপরিচালক এর দপ্তর, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস।
১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬-০৪-২০২৫
মো. আবু নাছের
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)